তারিখ 11 MAY 1990
পৃষ্ঠা ... কলাম ...

31

# এসএসসি পরীক্ষার প্রথম দিন

(১ম পাতার পর)

জন, সিরাজগঞ্জে ৯টি কেন্দ্রে ১শ' ৭, ঠাকুরগাঁওয়ে ৫টি কেন্দ্রে ১শ' ৫৩, লালমনিরহাটে দু'টি কেন্দ্রে ৪, নীলফামারীতে ৫টি কেন্দ্রে ৯৪, রাজশাহীতে ৭টি কেন্দ্রে ২৫, দিনাজপুরে একটি কেন্দ্রে ১১, জয়পুরহাটে ৩টি কেন্দ্রে ৪৪, কুড়িগ্রামে ৪টি কেন্দ্রে ৫৭, বগুড়ায় ১২টি কেন্দ্রে ৬শ' ১৭, নাটোরে ৩টিতে ১১, পাবনায় ৮টি কেন্দ্রে ৭০ এবং গাইবান্ধায় ৭টি কেন্দ্রে ১শ' ৮০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। রাজশাহী বোর্ডের কন্ট্রোল রুম সূত্র এ খবর দিয়েছে।

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, নকল সরবরাহ করার দায়ে মানিকগঞ্জ সদর উপজেলা থেকে দু'জনকে গ্রেফতার করা হযেছে। শিবালয়ে ভ্রাম্যমাণ আদালত একই অপরাধে ৭ জনের কাছ থেকে ২ হাজার ৬শ' টাকা জরিমানা আদায় করেছে।

নারায়ণগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, রূপগঞ্জ মুড়াপাড়া পাইলট হাই স্কুল কেন্দ্রে নকল সরবরাহের দায়ে ১ জনকে গ্রেফতার ও দন্ডাদেশ দেয়া হয়েছে। নারায়ণগঞ্জের বার একাডেমী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে একই অভিযোগে ৩ জনকে গ্রেফতারের পর ছেড়ে দেয়া হয়।

ময়মনসিংহের ফুলপুরে নকল সরবরাহের অভিযোগে ১ জনকে গ্রেফতার করা হয়েছে।

সংবাদদাতারা আরো জানান, ঠাকুরগাঁওয়ের থারাবাড়ী হাই স্কুলে প্রবেশপত্র না পাওয়ায় ১৬ জন পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারেনি। প্রবেশপত্র না পাওয়াসহ অন্যান্য কারণে ১শ' ৪৪ জন অনুপস্থিত রয়েছে বগুড়ায়। প্রবেশপত্র না পাওয়ায় পটুয়াখালী সদর উপজেলার শ্রীরামপুর জি. এ. রশিদ হাই স্কুলে ১৭ জন পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারেনি। নরসিংদী সংবাদদাতা জানান, বেলাবো উপজেলার কাশিমনগর উচ্চ বিদ্যালয়ের একজন ছাত্রকে ছবির গন্ডগোলের জন্য পরীক্ষা দিতে দেয়া হয়নি। তার প্রবেশপত্রের ছবির সঙ্গে তার চেহারার মিল না থাকায় তাকে পরীক্ষা দিতে দেয়া হয়নি। তবে অন্য সকল তথ্যের মিল ছিল।

কুমিল্লা সংবাদদাতা জানান, লাকসামে নকলকে কেন্দ্র করে বহিরাগতদের সাথে পুলিশের সংঘর্ষ হয়েছে। চান্দিনায় ১৮ জন বহিরাগতকে পুলিশ গ্রেফতার করেছে। মুরাদনগর উপজেলায় ১ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

## বগুড়া

এসএসসি পরীক্ষার প্রথম দিনে শহরের কয়েকটি কেন্দ্রে শিক্ষকদের সামনেই পরীক্ষার্থীদের নকল করার অভিযোগ পাওয়া গেছে। শিবগঞ্জ, গাবতলী, সারিয়াকান্দি ও শেরপুর কেন্দ্রের বাইরে কড়াকড়ি থাকলেও ভেতরে বই খুলে নকল হয়েছে বলে জানা গেছে।

শিবগঞ্জ কলেজ উপকেন্দ্রে ম্যাজিস্ট্রেট বা ইউ এন ও'র আগমন সংবাদ শিক্ষকরাই পরীক্ষার্থীদের জানিয়ে দেন বলে অভিযোগ পাওয়া গেছে। সারিয়াকান্দি কেন্দ্রেও একইভাবে নকল হয়েছে।

প্রথম পত্রের পরীক্ষায় ১৩টি কেন্দ্রের ৩৫৬ জনকে বহিষ্কার করা হয়েছে। দ্বিতীয় পত্রের পরীক্ষায় বহিষ্কার করা হয়েছে ২৬৫ জনকে। একমাত্র শিবগঞ্জ কেন্দ্রেই এই সংখ্যা ১০১।

## ঠাকুরগাঁও

জেলার পাঁচটি উপজেলায় ১৫৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩ হাজার ৮০৭।

সদর উপজেলা ছাড়া রানীশংকৈল, পীরগঞ্জ, বালিয়াডাঙ্গি এবং হরিপুর উপজেলায় ব্যাপক নকল হয়েছে।

## গফরগাঁও

ব্যাপক নকল হয়েছে। কেন্দ্রের বাইরে থেকে প্রচুর পরিমাণে নকল সরবরাহ করা হয়েছে। গফরগাঁওয়ের একটি কেন্দ্রে ৩ জন পরিদর্শক এবং ৫৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

## লক্ষ্মীপুর

লক্ষ্মীপুর জেলার ৪টি কেন্দ্রে মোট ৩১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে লক্ষ্মীপুরে ১২ জন, রামগঞ্জে ১১ জন, রায়পুরে ২ জন এবং রামগতি কেন্দ্রে ৬ জন। খাতায় সই না করার জন্য ৩ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়। লক্ষ্মীপুর বালিকা বিদ্যালয়ের পিয়নকে নকল সরবরাহের অভিযোগে গ্রেফতার করা হয়েছে।

## নাটোর

নাটোরের ৬টি উপজেলার ৭টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪ হাজার ৩৮৪। বহিষ্কৃত হয়েছে ৯ জন।

## ঈশ্বরদী

ঈশ্বরদী কেন্দ্রে বাংলা প্রথম পত্রে নকল করার দায়ে ৮ জনকে বহিষ্কার করা হয়েছে। এবার ঈশ্বরদী এসএম হাই স্কুল কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১৩৯৩। এদের মধ্যে গতকাল ১৯ জন অনুপস্থিত ছিল।

## সাভার

গতকাল পরীক্ষার প্রথম দিনে সাভার অধরচন্দ্র হাই স্কুল কেন্দ্রে ১ হাজার ১৪ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। পরীক্ষা খুবই শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। বাংলা ২য় পত্রের পরীক্ষা চলাকালে নকল করার দায়ে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

## কুষ্টিয়া

কুষ্টিয়া সদরের ৬টি কেন্দ্রে ২৩ জনকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ১৯ জন ছাত্র এবং ৪ জন ছাত্রী রয়েছে।

মিরপুর উপজেলায় ২১ জনকে বহিষ্কারের খবর পাওয়া গেছে।